বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
**আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ**

টেলিফোননং ঃ ৯৫৬০৫৬৩
৭১১০৬৭৭
ফ্যাক্স নং ঃ ৭১২৩৬৮৩
ই-মেইল ঃ dgmtrade@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ১৬ /২০১৬ — তারিখ ১৫-০৯-২০১৬

উপ-মহাব্যবস্থাপক
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ / ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ/
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ / তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/
প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২(বৈদেশিক বানিজ্য নিরীক্ষা সেল)
বাংলাদেশ কৃষি ব্যাংক ।
ও
উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা ।

বিষয়ঃ <u>বাংলাদেশ ব্যাংক (বিবি) - এডি ফোরামের ১১তম সভার গৃহীত সিদ্ধান্ত প্রসঙ্গে।</u>

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ , বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় , ঢাকা এর পত্র নং এফইপিডি ( এফইএমপি) ৩৪/২০১৬-৭৪৯৮, তারিখ ৩১-০৮-২০১৬ এবং তৎসংগে সংযুক্ত Bangladesh Bank Authorized Dealers' Forum এর ১১তম সভার সিদ্ধান্তসমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ( কপি সংযুক্ত) ।

০২। এডি ফোরামের ১১তম সভার গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। এতদ্ব্যতীত, বিবি- এডি ফোরামের ১১তম সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পরামর্শ প্রদান করা হলো ঃ

ক। <u>স্বীকৃত বিল পরিশোধ, রপ্তানি বিলে স্বীকৃতি প্রদান এবং বিল ক্রয়ের পদ্ধতি দ্রুতকরণ</u> ঃ উপরোল্লিখিত সভার ৪নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ব্যাংক এর শাস্তিমূলক ব্যবস্থা এড়ানোর জন্য অপরিশোধিত স্বীকৃত বিল অবিলম্বে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের মাধ্যমে যথানিয়মে পরিশোধ করার পরামর্শ প্রদান করা হলো। প্রয়োজনীয় তথ্যাদিসহ রপ্তানি বিলে স্বীকৃতি প্রদান ও বিল ক্রয়ে প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহনের বিষয়টি দ্রুততার সাথে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো।

খ। <u>ফ্রি-ল্যান্সারদের নামে বৈদেশিক মুদ্রা হিসাব (Exporters`Retention Quota Accoiunt- ERQ) স্থাপন ও এর ব্যবহার</u> ঃ সভার ৫নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী ফ্রি ল্যান্সার তথা অপ্রাতিষ্ঠানিক রপ্তানিকারকদের তথ্য- প্রযুক্তি নির্ভর অদৃশ্য মাধ্যমে সেবা রপ্তানির বিপরীতে অর্জিত বৈদেশিক মুদ্রায় নির্দেশিত অংশ বৈদেশিক মুদ্রায় সংরক্ষনের সুযোগ প্রদানের লক্ষ্যে বিদ্যমান বিধিবিধান মোতাবেক তাদের নামে ERQ হিসাব স্থাপনে এডি শাখাগুলোকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের বিষয়ে পরামর্শ প্রদান করা হলো।

গ। <u>আমদানির ক্ষেত্রে আইআরসিতে উল্লেখিত আমদানির মূল্য সীমা অতিক্রম , আমদানি নিষিদ্ধ পণ্যের আমদানি, ডুপ্লিকেট প্যাকিং লিস্টের মাধ্যমে মাল ছাড়ানো, আমদানির ক্ষেত্রে বিস্তারিত প্যাকিং লিস্ট না থাকা</u> ঃ সভার ৭নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী আইআরসিতে উল্লেখিত বার্ষিক মোট আমদানি মূল্যসীমার অতিরিক্ত আমদানি পরিহার, আমদানি নীতি আদেশে উল্লেখিত আমদানি নিষিদ্ধ পণ্য এর আমদানি পরিহার এবং ডুপ্লিকেট প্যাকিং লিস্টের মাধ্যমে মাল ছাড়ানোর ক্ষেত্রে সম্ভাব্য অনিয়ম (যেমন তথ্য বিকৃতি) পরিহারকল্পে এডি শাখাসমূহকে নজরদারি বৃদ্ধি করার পরামর্শ প্রদান করা হলো। পাশাপাশি কাস্টমস কর্তৃক পণ্যের Physical Verification জণিত সমস্যা এড়ানোর জন্য রপ্তানিকারক কর্তৃক বিস্তারিত প্যাকিং লিস্ট (পণ্যের ওজনের বিবরণীসহ) ও আনুসঙ্গিক দলিলাদি প্রেরণ নিশ্চিত করার বিষয়ে পরামর্শ প্রদান করা হলো।

ঘ। <u>মামলাধীন বিষয়ে প্রতিকার চেয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন প্রসঙ্গে</u> ঃ সভার ৯নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী আদালতে বিচারাধীন বিষয়ে প্রতিকার চেয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন না পাঠানো উত্তম। তবে বিশেষ প্রেক্ষাপটে বাংলাদেশ ব্যাংককে কোন পত্র প্রেরনের আবশ্যকতা থাকলে প্রেরিতব্য পত্রে আদালতে বিচারাধীন মামলার বিষয় অবশ্যই উল্লেখ করার বিষয়ে এডি শাখাসমূহকে পরামর্শ প্রদান করা হলো।

০৩। **বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপুর্ন।**

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক।

(মোঃ দাউদ খান মাহফুজ)
<u>উপ- মহাব্যবস্থাপক</u>

আঃবাঃবিঃ ১(০৫)/২০১৬-১৭/৫০০ — তারিখ ঃ ১৫-০৯-২০১৬

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ</u>

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি ,প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/সকল সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক। (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।)
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/ মহানথি।

(মোঃ আবদুল ওয়াদুদ)
<u>সহকারী মহাব্যবস্থাপক</u>

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(বৈদেশিক মুদ্রা বাজার নীতি শাখা)

সূত্র ঃ এফইপিডি(এফইএমপি)/৩৪/২০১৬- ৭৪৯৮

তারিখঃ ৩১ আগস্ট, ২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ বিভাগীয় প্রধান, আন্তর্জাতিক বিভাগ/ ট্রেজারী ব্যাক অফিস (সদস্য, বিবি-এডি ফোরাম)।

প্রিয় মহোদয়,

**বিবি-এডি ফোরামের ১১তম সভার সিদ্ধান্ত পরিপালন প্রসংগে।**

বিগত ২২/০৮/২০১৬ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলাস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত 'বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস্ ফোরাম' এর ১১তম সভার রেকর্ড নোটস্ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সভার রেকর্ড নোটস্ অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ অভ্যন্তরীণ সার্কুলার জারী করে তা ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অনুমোদিত ডিলার শাখাসমূহকে প্রেরণপূর্বক আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগকে (সার্কুলারের কপিসহ) হার্ড কপিতে/নিম্নলিখিত ঠিকানায় ই-মেইলে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ মিজানুর রহমান)
যুগ্ম পরিচালক
ফোনঃ ৯৫৩০০১০-৭৫/২৫৭৫
ই-মেইলঃ mizanur.rahman330@bb.org.bd;
CC to: fepd.femp2@bb.org.bd;
mn.haider@bb.org.bd



০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকোব, [illegible]
০৫। সচিব পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/[illegible]

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

## "Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১১তম সভার রেকর্ড নোটস্ ।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস্ ফোরাম" এর ১১তম সভা ২২/০৮/২০১৬ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব আহমেদ জামাল এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট ক ও খ তে দেখানো হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচীর বিষয়সমূহ উপস্থাপনের জন্য ফোরামের সদস্য ও বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের মহাব্যবস্থাপক জনাব মোঃ মাসুদ বিশ্বাসকে আহ্বান জানান। জনাব বিশ্বাস বিবি-এডি ফোরামের ১০ম সভা অনুষ্ঠিত হওয়ার পর হতে ১১তম সভা অনুষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত সময়কালে জারিকৃত বিভিন্ন এফই সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিধিবিধানের বিষয়ে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তগুলো সংক্ষেপে তুলে ধরেন এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করেন। অতঃপর সভায় উপস্থিত বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ এবং এডি ব্যাংকের প্রতিনিধিগণ আলোচ্যসূচীর বিভিন্ন বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন। বিভিন্ন বিষয় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | আমদানি ঋণপত্রের আওতায় ত্রুটিপূর্ণ ডকুমেন্টস ব্যবস্থাপনা বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নির্দেশনা যুগোপযোগীকরণ । | বিষয়টি অধিকতর বিশ্লেষণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও এডি ব্যাংকের প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে। | এফইপিডি, বাংলাদেশ ব্যাংক । |
| ২. | রাশিয়া ফেডারেশনের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন। | রাশিয়া ফেডারেশন তথা সিআইএসভুক্ত দেশগুলোর বাণিজ্যিক ব্যাংকগুলোর সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপনের অংশ হিসেবে এডি ব্যাংকগুলো Relationship Management Application (RMA) স্থাপনের উদ্যোগ গ্রহণপূর্বক এ বিষয়ে অর্জিত অগ্রগতি আগামী ০২(দুই) মাসের মধ্যে এফইপিডিকে অবহিত করতে হবে । পাশাপাশি, এসব দেশগুলোর ব্যাংকগুলোর সাথে নস্ট্রো হিসাব স্থাপনে বিদ্যমান সমস্যাগুলোর বিষয়েও এফইপিডিকে অবহিত করবে। | এডি ব্যাংক |
| ৩. | অদৃশ্য মাধ্যমে তথ্য প্রযুক্তি নির্ভর বিভিন্ন সেবা রপ্তানি বিষয়ে গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজাকশান্স এর অধ্যায় ৮ এর প্যারা ২৩ এর কয়েকটি নির্দেশনা যুগোপযোগীকরণ । | তথ্য-প্রযুক্তি নির্ভর তথা অদৃশ্য মাধ্যমে সেবা রপ্তানির বিষয়ে বিদ্যমান গাইডলাইন্স এর অধ্যায় ৮ এর ২৩ অনুচ্ছেদে উল্লিখিত কয়েকটি নির্দেশনা [(যেমন, (ক) এক্সপোর্ট রেজিস্ট্রার সংরক্ষণ (খ) সুনির্দিষ্ট চুক্তিপত্র (গ) বাংলাদেশ ব্যাংকে কাগজপত্রাদি দাখিলের আবশ্যকতা (ঘ) ১২০ দিনের মধ্যে রপ্তানিমূল্য প্রত্যাবাসনের বাধ্যবাধকতা] বিদ্যমান ব্যবস্থায় পরিপালন বাস্তবিকপক্ষে অসুবিধাজনক বিধায় এগুলো যুগোপযোগী করা হবে। | এফইপিডি, বাংলাদেশ ব্যাংক । |
| ৪. | স্বীকৃত বিল পরিশোধ, রপ্তানি বিলে স্বীকৃতি প্রদান এবং বিল ক্রয়ের পদ্ধতি দ্রুততকরণ প্রসঙ্গে। | ইতঃপূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বারংবার নির্দেশনা প্রদান করা সত্ত্বেও উল্লেখযোগ্য সংখ্যক স্বীকৃত বিল অপরিশোধিত রয়েছে বিধায় শাস্তিমূলক ব্যবস্থা এড়ানোর জন্য এসব বিল অবিলম্বে পরিশোধ করতে হবে। বর্তমানে অধিকাংশ ব্যাংকে অনলাইন ব্যাংকিং কার্যক্রম চালু থাকায় রপ্তানি বিলে স্বীকৃতি প্রদান ও বিল ক্রয়ে প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণের বিষয়টি দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে । | এডি ব্যাংক |



০৩। [illegible]
০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/সকল সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক। (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।)

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. | অনলাইনের মাধ্যমে বিদেশে সেবা প্রদানকারীর (অপ্রাতিষ্ঠানিক) বিশেষতঃ ফ্রি-ল্যান্সারদের নামে বৈদেশিক মুদ্রা হিসাব (Exporters' Retention Quota Account -ERQ) স্থাপন ও এর ব্যবহার। | ফ্রি-ল্যান্সার তথা অপ্রাতিষ্ঠানিক রপ্তানিকারকদের তথ্য-প্রযুক্তি নির্ভর অদৃশ্য মাধ্যমে সেবা রপ্তানির বিপরীতে অর্জিত বৈদেশিক মুদ্রার নির্দেশিত অংশ বৈদেশিক মুদ্রায় সংরক্ষণের সুযোগ প্রদানের লক্ষ্যে বিদ্যমান বিধিবিধান মোতাবেক তাদের নামে ERQ হিসাব স্থাপনে এডি ব্যাংকগুলো প্রয়োজনীয় সহায়তা দিবে। | এডি ব্যাংক |
| ৬. | ইপিজেডস্থিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বহিঃ উৎস হতে মেয়াদী ঋণ গ্রহণের ক্ষেত্রে এফইআইডি সার্কুলার লেটার নং ০৩/১৪, তারিখ ০৬/০৫/২০১৪ এর যথাযথ অনুসরণ প্রসঙ্গে। | ইপিজেডস্থিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বহিঃ উৎস হতে মেয়াদী ঋণ গ্রহণের অনুমোদন সংক্রান্ত সেবা দ্রুততার সাথে প্রাপ্তির লক্ষ্যে এডি ব্যাংকগুলো তাদের গ্রাহকদের আবেদন বাংলাদেশ ব্যাংকে প্রেরণকালে এফইআইডি সার্কুলার লেটার নং ০৩/১৪, তারিখ ঃ ০৬/০৫/২০১৪ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করবে। | এডি ব্যাংক |
| ৭. | আমদানির ক্ষেত্রে আইআরসিতে উল্লিখিত আমদানির মূল্য সীমা অতিক্রম, আমদানি নিষিদ্ধ পণ্যের আমদানি, ডুপ্লিকেট প্যাকিং লিস্টের মাধ্যমে মাল ছাড়ানো, আমদানীর ক্ষেত্রে বিস্তারিত প্যাকিং লিস্ট না থাকা। | আইআরসিতে উল্লিখিত বার্ষিক মোট আমদানী মূল্যসীমার অতিরিক্ত আমদানী পরিহার, আমদানী নীতি আদেশে উল্লিখিত আমদানী নিষিদ্ধ পণ্য এর আমদানী পরিহার এবং ডুপ্লিকেট প্যাকিং লিস্টের মাধ্যমে মাল ছাড়ানোর ক্ষেত্রে সম্ভাব্য অনিয়ম (যেমন তথ্য বিকৃতি) পরিহারকল্পে এডি ব্যাংকসমূহের নজরদারি বৃদ্ধি করতে হবে। পাশাপাশি, কাস্টমস কর্তৃক পণ্যের Physical Verification জনিত সমস্যা এড়ানোর জন্য রপ্তানিকারক কর্তৃক বিস্তারিত প্যাকিং লিস্ট (পণ্যের ওজনের বিবরণীসহ) ও আনুষঙ্গিক দলিলাদি প্রেরণ করা হয়েছে কিনা তাও নিশ্চিত করতে হবে। | এডি ব্যাংক |
| ৮. | বিনিয়োগ বোর্ড অনুমোদিত দীর্ঘ মেয়াদী ঋণের বিপরীতে স্থাপিত এলসিসমূহের LCAF এর মেয়াদ বৃদ্ধিতে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ প্রসঙ্গে। | বিনিয়োগ বোর্ড অনুমোদিত দীর্ঘ মেয়াদী ঋণের বিপরীতে স্থাপিত এলসিসমূহের LCAF এর মেয়াদ বৃদ্ধিতে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণের আবশ্যকতা প্রসঙ্গে এফইপিডি একটি স্পষ্টীকরণ নির্দেশনা জারী করবে। | এফইপিডি, বাংলাদেশ ব্যাংক। |
| ৯. | মামলাধীন বিষয়ে প্রতিকার চেয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন প্রসঙ্গে। | আদালতে বিচারাধীন বিষয়ে প্রতিকার চেয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন না পাঠানোই উত্তম। বিশেষ প্রেক্ষাপটে বাংলাদেশ ব্যাংকে কোন পত্র প্রেরণের আবশ্যকতা থাকলে প্রেরিতব্য পত্রে আদালতে বিবেচনাধীন মামলার বিষয় অবশ্যই উল্লেখ করতে হবে। | এডি ব্যাংক |

পরিশেষে সভাপতি মহোদয় সভায় যোগদান ও মূল্যবান মতামত রাখার জন্য উপস্থিত সকল সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আহমেদ জামাল)
আহবায়ক, বিবি-এডি ফোরাম
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।



০৩। [illegible]
০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
(পত্রটি ... বিকেবি প্রকা ঢাকা/সকল সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।